

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি সকল  
শিক্ষার্থীকে মনোযোগসহকারে পড়তে হবে।

অধ্যক্ষের কার্যালয়  
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল  
বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হল :

১. আবেদনের যোগ্যতা:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- আবেদনকারীকে স্নাতক(পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য একটি বিষয় নির্ধারণ করতে হবে। স্নাতক (পাস) পর্যায়ে সনাতন পদ্ধতিতে উক্ত পঠিত বিষয়ে ৪০০ নম্বরের মধ্যে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পঠিত বিষয়ে ২৪ ক্রেডিটের মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.০ পেতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে শর্তপূরণ সাপেক্ষে (অনুচ্ছেদ “গ” এ বর্ণিত) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।
- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩(তিন) শিক্ষাবর্ষ।
- আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।
- বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

শর্তাবলী:

- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার সময় কোন বিষয়/কলেজ নির্বাচন করার পর পরবর্তীতে উক্ত বিষয়/কলেজ পরিবর্তনের সুযোগ থাকবে না।
- প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সের জন্য চলতি শিক্ষাবর্ষের বিষয় ভিত্তিক সিলেবাস এ কোর্সের পরীক্ষার্থীদের অনুসরণ করতে হবে।

১. আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি সত্যায়িত।
- স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার কোর্সের মূল রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সত্যায়িত।
- প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে ‘শিক্ষা ছুটি দেয়া হবে’ মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- “জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গিকারনামা জমা দিতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২. আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১১/১২/২০২৪


৩. রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী বাতিল বা পরিবর্তনের ক্ষমতা জাতীয় বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করেন।

৪. টাকার পরিমাণঃ ১৪৫০/- (এক হাজার চারশত পঞ্চাশ)।

৫. ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে ফি জমা দেয়ার নিয়ম ৪

- আবেদনকারী (সকল বিভাগ) রেজিস্ট্রেশন ফি ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে Biller ID 3288 এবং Bill Number এর ঘরে আবেদন ফর্মের রোল নম্বর এর পর মোবাইল নম্বর লিখে টাকা জমা দিতে হবে। রোল নম্বর ও মোবাইল নম্বর লেখার ক্ষেত্রে কোন স্পেস বা কমা ব্যবহার করা যাবে না। ধার্যকৃত ভর্তি ফি জমা দেয়ার পর আবেদকারী একটি SMS পাবে। ফি জমা দেয়ার ক্ষেত্রে ভুলের কারণে রেজিস্ট্রেশন বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বিঃদ্রঃ সকল আবেদনকারীদের নির্ধারিত ফি ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দেয়ার চার্জ বাবদ ২০/- (বিশ) টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

  
(প্রফেসর ড. শেখ মোঃ তাজুল ইসলাম)  
অধ্যক্ষ  
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।